



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.১২.০০২.২২- ২৬৬৫০/৭


তারিখ: ১৪/০৯/২০২২খ্রি.

বিষয় : হিসাবরক্ষণ অফিসার (গ্রেড-৯), প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১০), হিসাবরক্ষণ কর্মকর্তা (গ্রেড-১০), গবেষণা সহকারী (গ্রেড-১১), রেজিস্টার ও ১৩তম গ্রেডভুক্ত প্রধান সহকারী/অডিটর/হিসাবরক্ষক-কাম-প্রধান সহকারী/প্রধান সহকারী-কাম-হিসাবরক্ষক এর শূন্যপদে পদোন্নতির জন্য খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের লক্ষ্যে প্রাথমিক তালিকা প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতির লক্ষ্যে খসড়া তালিকা প্রস্তুত করা হচ্ছে। সংযুক্ত ছকে বর্ণিত কর্মকর্তা ও কর্মচারীকে তার নামের পাশে উল্লিখিত তথ্যাদি সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে কিনা তা যাচাই করার জন্য অনুরোধ করা হলো। তথ্যে কোন ধরনের অসঙ্গতি থাকলে, প্রকাশিত তালিকার বিষয়ে কোন আপত্তি/অভিযোগ/পরামর্শ থাকলে এবং মন্তব্য কলামে যে সকল আপত্তি উল্লেখ করা হয়েছে তা নিষ্পত্তির লক্ষ্যে পত্র প্রকাশের তারিখ হতে পরবর্তী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রয়োজনীয় প্রামাণ্য কাগজপত্র প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নসহ ডাকযোগে/বিশেষ বাহক মারফত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর পত্র গ্রহণ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২. উপর্যুক্ত পদ সমূহে পদোন্নতি বিবেচনার লক্ষ্যে ২০২১ সালের মূল বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) দুই সেট ফটোকপিসহ এতদসঙ্গে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩. অত্র পত্র সংশ্লিষ্ট যে কোন তথ্য/এসিআর প্রেরণের ক্ষেত্রে সংযুক্ত তথ্য ছকের প্রথম কলামের ক্রমিক নং খাম/অগ্রায়নপত্রের উপরে অবশ্যই উল্লেখ করতে হবে।



(বিপুল চন্দ্র বিশ্বাস)  
উপপরিচালক (সা: প্র:)  
ফোন- ০২৪১০৫২১৭৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে : (পত্রের মর্মানুযায়ী তথ্যাদি/কাগজপত্র ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণের অনুরোধসহ)।

- ০১। পরিচালক (ক: ও প্র:/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/এমইডব্লিউ/অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। অধ্যক্ষ/পরিচালক (সকল) .....
- ০৩। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল.....
- ০৪। জেলা শিক্ষা অফিসার (সকল), .....
- ০৫। প্রধান শিক্ষক (সকল) .....
- ০৬। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।  
(মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশ এবং সকল আঞ্চলিক পরিচালক ও উপপরিচালক (মাধ্যমিক)-কে ইমেইলে প্রেরণের নিশ্চিত করার অনুরোধসহ)।
- ০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) .....

অনুলিপি :

- ০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ০৩। সংরক্ষণ নথি।